



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০১৮.২০.২৯৬

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৭  
৩১ আগস্ট ২০২০

বিষয়: জগন্নাথপুর সরকারি কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে অভিযোগ।

সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব জাহিদুল ইসলাম এর আর্থিক দুর্নীতির বিষয়ে কলেজের শিক্ষক-কর্মচারীগণ আঞ্চলিক পরিচালক, সিলেটের নিকট একটি অভিযোগ দায়ের করেন।

অভিযোগের বিবরণ: কলেজের অধ্যক্ষ না থাকায় গভর্নিং বডির সিদ্ধান্তের প্রেক্ষিতে জনাব জাহিদুল ইসলাম ১২/১১/২০১৭খ্রি. তারিখ হতে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। দায়িত্ব গ্রহণের পর আর্থিক ভাবে লাভবান হওয়ার জন্য সরকারি বিধি বিধান অমান্য করে নিয়োগসহ অন্যান্য কাজে খেয়াল খুশীমত যা ইচ্ছে তাই করে চলছেন।

(ক) কলেজটি সরকারিকরণের তালিকাভুক্ত হবার পর কলেজের স্থাবর অস্থাবর সম্পত্তি হস্তান্তরের উপর নিষেধাজ্ঞা জারী করা হয়। নিষেধাজ্ঞা অমান্য করে ৫০০০০ (পঞ্চাশ হাজার) টাকা মূল্যের দুটি পুরোনো গাছ এবং অনেকগুলো গাছের ডাল বিক্রি করে দেন এবং উক্ত টাকা কলেজ ফান্ডে জমা না করে টাকা কি করেছেন তার কোন হিসাব কলেজের কোথাও নেই।

(খ) কলেজের পুকুর লীজ বাবদ প্রাপ্ত ১৮০০০০ (এক লক্ষ আশি হাজার) টাকা কলেজ ফান্ডে জমা দেননি। উক্ত টাকা ও কলেজের আয়-ব্যয়ের কোথাও উল্লেখ করা হয়নি।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য উপপরিচালক(কলেজ) ও সহকারী পরিচালক (কলেজ), আঞ্চলিক কার্যালয়, মাউশি, সিলেটকে নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

৩১-৮-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

বিতরণ :

- ১) উপপরিচালক (কলেজ) (চলতি দায়িত্ব), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সিলেট অঞ্চল, সিলেট
- ২) সহকারী পরিচালক (কলেজ), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সিলেট অঞ্চল, সিলেট